

৪০

ইসলামী বিশ্ববিদ্যালয়ের খবর

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), ১৬ই সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতা)।- ইসলামী বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস মাস্টার্স (১৯৯৩/৯৪) সেশনের ক্লাস ১০ই সেপ্টেম্বর শুরু হয়েছে। নির্দিষ্ট সময়ের ১৫ মাস পর এর মাস্টার্সের ক্লাস শুরু হলেও ঐ সেশনের অন্যান্য বিভাগের মাস্টার্সের ক্লাস এখনো শুরু হয়নি। এটাই এই বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস বিভাগের ১ম ব্যাচ। ১৯৯০/৯১ সেশন হতে বিভাগটি চালু করা হয়েছিল বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের অনুমতি ছাড়াই। ক্লাস উদ্বোধন উপলক্ষে ১০ই সেপ্টেম্বর বিভাগীয় সভাপতি ডঃ আশরাফ আলীর সভাপতিত্বে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বক্তব্য রাখেন অধ্যাপক নূর মহম্মদ, মোঃ এমতিয়াজ, মোঃ বাছিত ছাত্র-ছাত্রীদের মধ্যে বক্তব্য রাখেন ওয়ালিউর রহমান, শামসুল ইসলাম জোহা ও মিতা।

পরীক্ষার তারিখ পরিবর্তন

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ইংরেজি (সম্মান) ১৯৯০/৯১ সেশনের অনার্স চূড়ান্ত পরীক্ষার তারিখ পরিবর্তন করা হয়েছে। ১১ই সেপ্টেম্বর হতে পরীক্ষা শুরুর কথা থাকলেও তা পরিবর্তন করে ২১শে সেপ্টেম্বর নির্ধারণ করা হয়েছে। '৯৩ সালের পরীক্ষা '৯৫তে শুরুর চেষ্টা চলছে।

আন্তঃবিভাগ ফুটবলে আইন বিভাগ বিজয়ী

ইসলামী বিশ্ববিদ্যালয়ের আন্তঃবিভাগ

ফুটবল '৯৫-এর প্রথম রাউন্ডের খেলায় দাওয়া এন্ড ইসলামী স্টাটিজ বিভাগকে ৪-০ গোলে পরাজিত করে আইন বিভাগ বিজয়ী হয়েছে।

উপাচার্যের বিদেশ গমন

ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ইনাম-উল হক ইসলামী সম্মেলন সংস্থায় যোগদানের জন্য ১০ই সেপ্টেম্বর জেদ্দার উদ্দেশে ঢাকা ত্যাগ করেছেন। তিনি সেখানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্নমুখী উন্নয়নের জন্য সম্মেলন সংস্থায় প্রস্তাব উত্থাপন করবেন বলে জানা গেছে।

নয়া টেজারার নিয়োগ

দীর্ঘ সাত মাস ইসলামী বিশ্ববিদ্যালয়ের টেজারার পদ খালি থাকার পর সম্প্রতি প্রফেসর রশীদুল হককে টেজারার হিসেবে নিয়োগ করা হয়েছে। সাবেক উপাচার্য প্রফেসর হামিদকে অপসারণের সাথে সাথে ঐ সময়ের দায়িত্বরত টেজারার প্রফেসর লুৎফর রহমানকেও অপসারণ করা হয়।

নতুন টেজারারকে নিয়োগ দিয়েছেন বিশ্ববিদ্যালয়ের আচার্য বেগম খালেদা জিয়া। নিয়োগপ্রাপ্ত টেজারার প্রফেসর রশীদুল হক (৫০) রাজশাহী সরকারি কলেজের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক ছিলেন।